

💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৪১২

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৭) জামাআতে লোক সংখ্যা বেশী হওয়ার প্রতি উদ্বুদ্ধকরণ

الترغيب في كثرة الجماعة

আরবী

(حسن لغيره) وَعَنْ قَبَاثِ بِن أَشْيَمَ الليثي رَضِيَ اللَّهُ عَنْهُ، قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: "صَلَاةُ الرَّجُلَيْنِ يَوُّمُّ أَحَدُهُمَا صَاحِبَهُ أَزْكَى عِنْدَ اللَّهِ مِنْ صَلَاةِ أَرْبَعَةٍ تَتْرَى، وَصَلَاةُ ثَمَانِيَةٍ يَوُّمُّهُمْ تَتْرَى، وَصَلَاةُ ثَمَانِيَةٍ يَوُّمُّهُمْ أَحْدُهُمْ، أَزْكَى عِنْدَ اللَّهِ مِنْ صَلَاةِ تَتْرَى". رواه البزار والطبراني

বাংলা

8১২. (হাসান লি গাইরিহী) কুবাছ বিন উশাইম আল্ লাইছী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ (সালাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ "দু'জন লোকের মধ্যে একজন ইমাম হয়ে জামাআতের সাথে নামায আদায় করা চারজন লোক বিছিন্ন হয়ে নামায আদায় করার চেয়ে আল্লাহর নিকট বেশী উত্তম। চার জন লোক জামাআতবদ্ধ হয়ে নামায আদায় করা আল্লাহর নিকট উত্তম আটজন লোকের বিছিন্নভাবে নামায পড়ার চেয়ে। আটজন লোকের মধ্যে একজন ইমাম হয়ে জামাআতে নামায আদায় করা, আল্লাহর কাছে একশত লোকের বিছিন্নভাবে নামায আদায় করার চেয়ে উত্তম ও পছন্দনীয়।"

(বায্যার ৪৬১ ও তাবরানী হাদীছটি বর্ণনা করেছেন)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ কুবাছ বিন উশাইম আল্ লাইছী (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন